

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৬

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৩১. যে ব্যক্তি নিকট আত্মীয় ব্যতীত অপরের জন্য ওয়াসীয়াত করে

باب فِي الرَّجُلِ يُوصِي لِغَيْرِ قَرَابَتِهِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ حَدَّثَنَا شَيْبَةُ بْنُ هِشَامٍ الرَّاسِبِيُّ وَكَثِيرُ بْنُ مَعْدَانَ قَالَا سَأَلْنَا سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِ عَنْ الرَّجُلِ يُوصِي فِي غَيْرِ قَرَابَتِهِ فَقَالَ سَالِمٌ هِيَ حَيْثُ الرَّجُلِ يُوصِي فِي غَيْرِ قَرَابَتِهِ فَقَالَ سَالِمٌ هِيَ حَيْثُ جَعَلَهَا قَالَ فَقُلْنَا إِنَّ الْحَسَنَ يَقُولُ يُرَدُّ عَلَى الْأَقْرَبِينَ فَأَنْكَرَ ذَلِكَ وَقَالَ قَوْلًا شَدِيدًا

বাংলা

৩৩০৬. শাইবাহ ইবনু হিশাম রাসিবী ও কাছীর ইবনু মা'দান হতে বর্ণিত, তারা উভয়ে বলেন, আমরা সালিম ইবনু আব্দুল্লাহ (রহঃ) কে এমন লোক সম্পর্কে জিজ্ঞাসা করলাম যে তার আত্মীয়-স্বজন ব্যতীত অপর ব্যক্তির জন্য ওয়াসীয়াত করেছে। তখন সালিম বললেন, তা তার জন্যই হবে, যার জন্য সে ওয়াসীয়াত করেছে।তারা বলেন, আমরা তাকে বললাম, হাসান (রহঃ) তো বলেন যে, তা আত্মীয়-স্বজনকে ফিরিয়ে দিতে হবে।[1] তখন তিনি তা অস্বীকার করলেন এবং কিছ কঠিন কথা বললেন।[2]

ফুটনোট

- [1] হাসানের বক্তব্যটি বর্ণনা করেছেন ইবনু আবী শাইবা ১১/১৬৭ নং ১০৮৩৪।
- [2] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমি এ শব্দে পূর্ণভাবে কোথাও পাইনি। ইবনু আবী শাইবা ১১/১৬৫ নং ১০৮২৭ কাতাদা হতে বর্ণনা করেছেন, তাকে এমন লোক সম্পর্কে জিজ্ঞাসা করা হলো যে তার আত্মীয়-স্বজন ব্যতীত অপর ব্যক্তির জন্য ওয়াসীয়াত করেছে। তখন তিনি বললেন, সালিম, সুলাইমান ইবনু ইয়াসার, ও আতা (রহঃ) সকলেই বলেন, তা তার জন্যই হবে, যার জন্য সে ওয়াসীয়াত করেছে।

আমাদের কথা হলো, এ সালিম হলেন ইবনু আবীল জা'দ, তিনি সালিম ইবনু আব্দুল্লাহ নন। কেননা, আমরা যতটা



জানতে পেরেছি, আতা সালিম ইবনু আব্দুল্লাহ হতে কিছু বর্ণনা করেননি। আল্লাহই ভাল জনেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন